



## বাপ-মায়ের দোয়ার ভিত্তিতে বিসিবি কমিটি করিনি: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ক্রিকেট বোর্ড পুনর্গঠন প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, কোনো ব্যক্তিগত বা আবেগনির্ভর বিবেচনায় নয়, বরং তদন্তের ফলাফলের ভিত্তিতেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তিনি বলেন, ক্রিকেট বোর্ডসহ দেশের বিভিন্ন ক্লাব ও ক্রীড়া সংগঠনে অন্তর্ভুক্তি সরকারের এক উপদেষ্টার প্রভাবের অভিযোগ ওঠে। বিষয়টি গুরুত্ব সহকারে খতিয়ে দেখে বর্তমান সরকার তদন্ত পরিচালনা করে। তদন্তে প্রাপ্ত তথ্যের ভিত্তিতেই বোর্ড ভেঙে দিয়ে নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

নতুন এই কমিটির নেতৃত্বে রাখা হয়েছে জাতীয় দলের সাবেক অধিনায়ক তামিম ইকবালকে। এ বিষয়ে মন্ত্রী স্পষ্ট করে বলেন, এখানে কোনো পক্ষপাত বা ব্যক্তিগত বিবেচনার জায়গা রাখা হয়নি।

বুধবার (৮ এপ্রিল) জাতীয় সংসদে কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসিনাত আব্দুল্লাহর এক প্রশ্নের জবাবে তিনি এসব তথ্য তুলে ধরেন।  
বিস্তারিত আসছে...